

“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”

মুদ্রণ প্রতিষ্ঠান তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডে মুদ্রণ সংক্রান্ত নিম্নে বর্ণিত কার্য সম্পাদনের নিমিত্ত উপযুক্ত ও গ্রহণযোগ্য প্রতিষ্ঠান তালিকাভুক্তির জন্য প্রকৃত মুদ্রণকারী প্রতিষ্ঠানের নিকট হইতে আবেদন পত্র আহবান করা যাইতেছে :-

মুদ্রণ কাজের বিবরণ-মুদ্রণ ও প্রকাশনা (বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের দ্বি-মাসিক বাংলা মূখপত্র “পল্লী বিদ্যুৎ সংবাদ বিচিত্রা”, “টেলিফোন নির্দেশিকা”, “বার্ষিক প্রতিবেদন”, “দাওয়াত পত্র”, “প্রচার পত্র”, “পরিচয়পত্র” ও অন্যান্য সামগ্রী মুদ্রণ ও সরবরাহ);

শর্তাবলী:-

- ০১। বর্ণিত কাজে নতুন তালিকাভুক্তি এবং তালিকাভুক্তি নবায়নের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবশ্যই নিজস্ব লেটার-হেড প্যাডে আবেদন করিতে হইবে এবং খামের উপর আবেদনের বিষয় উল্লেখ থাকিতে হইবে।
- ০২। আবেদন পত্রের সহিত নিম্নলিখিত কাগজপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হইবে :-
 - (ক) ট্রেড লাইসেন্স (২০১৭-২০১৮ খ্রিঃ অর্থ বছর পর্যন্ত হালনাগাদকৃত);
 - (খ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক সচ্ছলতার সনদপত্র (মার্চ ২০১৮ মাসে প্রদত্ত);
 - (গ) টি আই এন উল্লেখসহ আয়কর পরিশোধের হালনাগাদ সনদ;
 - (ঘ) ভ্যাট (VAT) রেজিস্ট্রেশন সনদ;
 - (ঙ) নতুন তালিকাভুক্তির জন্য ইতোপূর্বে সন্তোষজনক মুদ্রণ কাজ সম্পাদনের সনদপত্র (প্রকাশনার বিবরণ এবং প্রকাশনার ০৩টি সংখ্যার কপি সংযোজন করিতে হইবে);
 - (চ) আবেদনকারী প্রতিষ্ঠান যদি অন্য কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে তালিকাভুক্ত হইয়া থাকে, তবে ঐ তালিকাভুক্তির এবং সন্তোষজনকভাবে কার্যসম্পাদনের দলিল;
 - (ছ) প্রেস ডিক্লারেশন (ছাপাখানার সাথে চুক্তি সম্পাদনের) সনদপত্র;
 - (জ) দলিলাদি অবশ্যই প্রত্যয়নপূর্বক দাখিল করিতে হইবে এবং প্রত্যয়নকারী কর্মকর্তার নাম, পদবী ও সীলমোহর স্পষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে, অন্যথায় উহা বিবেচনায় আনা হইবে না।
- ০৩। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডে বর্তমান ২০১৭-২০১৮ অর্থ বছরে তালিকাভুক্ত রয়েছে এমন প্রতিষ্ঠান সমূহকেও তালিকাভুক্তি নবায়নের জন্য নতুনভাবে আবেদন করিতে হইবে। তবে যে সকল প্রতিষ্ঠান ২০১৭-২০১৮ অর্থ বছরে তালিকাভুক্ত হইয়াও অত্র বোর্ডের মুদ্রণ কাজের কোন দর প্রতিযোগীতায় অংশগ্রহণ করেনি সে সকল প্রতিষ্ঠানের আবেদন দাখিলের প্রয়োজন নাই।
- ০৪। জনসংযোগ পরিদপ্তরে ২০১৭-২০১৮ অর্থ বছরে তালিকাভুক্ত প্রতিষ্ঠান সমূহকে তালিকাভুক্তি নবায়নের জন্য তালিকাভুক্তি নবায়ন ফি বাবদ ২,০০০.০০ (দুই হাজার) টাকা এবং নতুনভাবে তালিকাভুক্তিতে অগ্রহী প্রতিষ্ঠান সমূহকে তালিকাভুক্তি ফি বাবদ ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক হইতে ইস্যুকৃত) “বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড”, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯-এর অনুকূলে জমা দিতে হইবে।
- ০৫। আবেদনকারী প্রতিষ্ঠানের যোগ্যতা, সুযোগ-সুবিধা ও কর্মদক্ষতা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি দল কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হইবে। পরিদর্শনকালে আবেদন পত্রের সহিত দাখিলকৃত দলিলাদির মূলকপি (original) পরিদর্শন দলকে প্রদর্শন করিতে হইবে। যে সকল প্রতিষ্ঠান তালিকাভুক্তির জন্য উপযুক্ত বলিয়া বিবেচিত হইবে কেবলমাত্র সে সকল প্রতিষ্ঠানকে পত্র মারফত অবহিত করা হইবে।
- ০৬। আবেদনপত্র জনসংযোগ পরিদপ্তরে, ট্রেনিং একাডেমী ভবন (৩য় তলা), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ কর্তৃক আগামী ২৪/০৫/২০১৮ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হইবে।
- ০৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল আবেদন পত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।



বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

ISO 9001, ISO 14001 &

OHSAS 18001 Certified

বাপবিবো/জন (২৬০৪-৫২৪) ২০১৭-২০১৮

পরিচালক

জনসংযোগ পরিদপ্তর

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

ফোন নং-০২-৮৯০০৩১৭।

(এ.বি.এম. সারোয়ার রাব্বী)
সহকারী পরিচালক
জনসংযোগ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা

ছত্রেশ্বর বালা
উপ-পরিচালক (চঃ দাঃ)
জনসংযোগ পরিদপ্তর